গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৬০.০৫.০০২.১৮-২৮৫ তারিখঃ ১৩/১০/২০১৯

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের আগষ্ট, ২০১৯ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের আগষ্ট, ২০১৯ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১২/০৯/২০১৯ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা এমপি, দাপ্তরিক জরুরী কাজে ব্যস্ত থাকায় তাঁর অনুমতিক্রমে সচিব মহোদয় উক্ত সভায় সভাপতিত্ব করেন। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৩/১০/২০১৯

(কিসমত জাহান ফেরদৌসি)
সিনিয়র সহকারী প্রধান।
৯৫৭৪১৯৯

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। বিভাগ প্রধান,আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, জয়ীতা ফাউন্ডেশন ৪০৫/বি, রোড#২৭(ওলড)১৬(নিউ),ধানমন্ডি,ঢাকা-১২০৯।
১০। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। অতিঃ-সচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং ও অডিট সার্কেল, পণপূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক,"২১টি জেলার সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান'' শীর্ষক প্রকল্প এফপিএবি,২ নয়া পল্টন ঢাকা।
১৭। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর এলাকা, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, ''নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি সেক্টরাল প্রোগ্রাম (৩য় পর্যায়)'', মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৯। উপ সচিব (বাজেট ও অডিট) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। উপ-প্রধান/উপ-প্রধান (পরিকল্পনা-২/৩ শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সিনিয়র সহঃ-সচিব (উন্নয়ন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ১৫, আব্দুল গণি রোড, ঢাকা।
২৪। উপ-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (পরিঃ ও উন্নঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Minutes Fowarding

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের আগষ্ট, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতিঃ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
স্থানঃ বাংলাদেশ শিশু একাডেমীর সভা কক্ষ।
তারিখঃ ১২/০৯/২০১৯ খ্রিঃ।
সময়ঃ বেলাঃ ১১.০০ টা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

সচিব মহোদয় শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বলেন যে, মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা এমপি, দাপ্তরিক জরুরী কাজে ব্যস্ত থাকায় তাঁর অনুমতিক্রমে সচিব মহোদয় উক্ত সভায় সভাপতিত্ব করেন। ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি (৪.৫৭%) এর চেয়ে মন্ত্রণালয়ের গড় অগ্রগতি ৫.৯৮বেশী হওয়ায় সচিব মহোদয় সন্তোষ প্রকাশ করেন। উপস্থিত সকলের উদ্দেশ্যে তিনি আরও বলেন যে, শুধু আর্থিক অগ্রগতি অর্জনই যথেষ্ট নয়, কাজের গুনগতমান বজায় রেখে প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে। অত:পর কার্যপত্র অনুযায়ী প্রতিটি প্রকল্পের অগ্রগতি সংক্ষেপে উপস্থাপনের জন্য তিনি উপ-প্রধান-(পরিঃ) কে আহবান জানান। তাঁর অনুমতিক্রমে উপ-প্রধান-(পরিঃ) আগষ্ট, ২০১৯ পর্যন্ত প্রকল্পের অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

২। **আলোচনা :**

উপ-প্রধান (পরিঃ) সভাকে জানান যে, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)তে এ মন্ত্রণালয়ের অধীনে মোট ২২টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে যার মোট বরাদ্দ ৫৩০৬১.০০ লক্ষ টাকা (জিওবি-৪৮০৪১.০০লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫০২০.০০লক্ষ টাকা)। এ বরাদ্দের বিপরীতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত করা হয়েছে ৯৬১২.৭৮লক্ষ টাকা (জিওবি-৯০২৪.৫০লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫৮৮.২৮লক্ষ টাকা) এবং ব্যয় হয়েছে ৩১৭৩.১৫লক্ষ টাকা (জিওবি ২৮৭২.৮৩লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য-৩০০.৩২লক্ষ টাকা) যা মোট বরাদ্দের ৫.৯৮%। অত:পর উপ-প্রধান (পরিঃ) মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি ধারাবাহিকভাবে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

৩। **এডিপিতে অন্তর্ভুক্ত অনুমোদিত বাস্তবায়নাধীন প্রকল্পভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১।	নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি-সেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব) প্রকল্প (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২১) মোট-১১৫০৮.০০ লক্ষ টাকা (জিওবি ৮৭৪৮.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৬০.০০ লক্ষ টাকা) (জিওবি ও ডানিডা অনুমোদিত)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২৭৩৮.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৩১.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৭০৭.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ৫৫৬.২৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৬৮.৭৮ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৯.৮২%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫০০৯.৯৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৩.৫৩%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দের শতভাগ অর্জনের লক্ষ্যে ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী এ পর্যন্ত ৯.৮২% ব্যয় হয়েছে। যৌন হয়রানী/নির্যাতনসহ যৌতুকের কারণে শারিরিক নির্যাতন প্রতিরোধ করাসহ জনগণকে সচেতন করার লক্ষ্যে প্রচার মাধ্যমে বহুল সম্প্রচারের জন্য ২টি টিভিসি নির্মাণ করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। যৌন হয়রানী/নির্যাতনসহ যৌতুকের কারণে শারিরিক নির্যাতন প্রতিরোধ করতে জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য ২টি টিভিসি নির্মাণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
২।	Strengthening Gender Responsive Budgeting in Bangladesh শীর্ষক প্রকল্প ০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২০ প্রাক্কলিত ব্যয়ঃ ৪২১.০৭ লক্ষ টাকা (জিওবি-৩৭০.৪৭ এবং ৫০.৬০ UN-Women)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৮৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭২.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ২০.৫৬ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২.৫৬ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২.৯৪%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২১.০৬লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫.০০%। সভায় জানানো হয় যে, এ পর্যন্ত ৪জন পরামর্শক নিয়োগ করা হয়েছে। এ অর্থ বছরে আরও এক জন পরামর্শক নিয়োগ করতে হবে। ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। প্রকল্প পরিচালক।
৩।	এক্সিলারেটিং প্রোটেকশান ফর চিলড্রেন (এপিসি) শীর্ষক প্রকল্প, ০১/০৭/১৭-৩০/০৬/২০২১ মোট ব্যয় ১১৫০৬.৪৮ (জিওবি-৬৬৬.৩৮ এবং ১০৮৪০.১০	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৭৫৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৪৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬১০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ৬৯.৮৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪১.১৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২.৩৪%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৫৬৭.৮৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩১.০১%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ক্লাব পরিচালনার জন্য	**সিদ্ধান্তঃ** ১। প্রশিক্ষণ মডিউলের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। ২। প্রকল্পের কাজে জড়িত এনজিও সমুহ মাঠ পর্যায়ে প্রদর্শিত ব্যানারে মন্ত্রণালয়ের নাম উল্লেখ করতে হবে।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		সম্পন্ন করাসহ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী ব্যয় কম হওয়ার বিষয়ে প্রতিবেদন প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন। এছাড়া, এ মন্ত্রণালয়ের কাজে জড়িত এনজিও সমুহের ব্যানারে এ মন্ত্রণালয়ের নাম লেখার বিষয়ে সভায় একমত পোষন করা হয়।	১। প্রকল্প পরিচালক।
৪।	**"২১টি জেলার সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান"** শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৮-৩০/০৬/২০২১ প্রাক্কলিত ব্যয়ঃ ৯৮৩৩.৯৫ লক্ষ টাকা জিওবি ৬৫৩৩.১২ সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৩০০.৮৩ লক্ষ টাকা	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৭০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৯৭০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ১৯৭০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১৮৮.১০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৯.৫৫%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৪৩৬.৫৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫২.৬০%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দের শতভাগ অর্জনের লক্ষ্যে ক্রয় ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী এ পর্যন্ত ৯.৫৫% আর্থিক অগ্রগতি হয়েছে। ডেঙ্গু জ্বরের উপর সম্পাদিত কাজের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ডেঙ্গু জ্বরের উপর সম্পাদিত কাজের প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। প্রকল্প পরিচালক।
	মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		
৫।	ইনকাম জেনারেটিং একটিভিটিস অফ উইমেন এ্যাট উপজেলা লেভেল। (০১/০১/২০১৭ - ৩১/১২/২০২০) মোট ২৮৩২২.৬০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৯০৭২.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৯০৭২.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ২২৬৮.০৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১৯১৮.৭০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২১.১৫%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২৩৮৮.৯০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৩.৭৪%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রাখতে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। তবে প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপি'র মোট বরাদ্দ হতে গত অর্থ বছরের বকেয়া প্রদান করায় আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে। আউটসোর্সিং খাতে জনবল নিয়োগ সংক্রান্ত মামলা চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রয়োজনে অধিদপ্তরে এক জন আইনজীবির সংস্থানসহ সংশ্লিষ্ট খাত সৃষ্টির বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান	**সিদ্ধান্তঃ** ১। অধিদপ্তরে এক জন আইনজীবির সংস্থানসহ সংশ্লিষ্ট খাত সৃষ্টির কার্যক্রম হাতে নিতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		করেন।	
৬।	কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (০১/০৪/২০১৮ - ৩১/১২/২০২০) মোট ৫৫১৫৬.০০ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৭০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.০০%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১১৮৭.৮৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২.১৫%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে জনবল নিয়োগের কাজ চলমান। জনবল নিয়োগের কাজ সঠিকভাবে সম্পন্ন করাসহ মাঠ পর্যায়ে ক্লাবসমূহ দ্রুত উদ্বোধন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পে জনবল নিয়োগের কাজ সঠিকভাবে সম্পন্ন করাসহ মাঠ পর্যায়ে ক্লাবসমূহ দ্রুত উদ্বোধন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।
৭।	সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াই হাজার ও মঠবাড়ীয়া উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল ও ট্রেনিং সেন্টার স্থাপন (০১/০৭/২০১৪ - ৩০/০৬/২০১৯) ৪৭৭৫.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩২৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৩২৭.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.০০%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৮২১.৮২ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮০.০৪%। সভায় জানানো হয় যে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে আইএমইডি হতে সম্মতি পত্র পাওয়া গেছে। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধিসহ আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব দ্রুত সম্পন্ন করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন। প্রকল্প পরিচালকের বিরুদ্ধে অনিয়মের তদন্ত অব্যাহত থাকবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। মহা-পরিচালক ব্যক্তিগত ভাবে বিষয়টি তত্ত্বাবধান করবেন মর্মে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধিসহ আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব দ্রুত সম্পন্ন করতে হবে। প্রকল্প পরিচালকের বিরুদ্ধে অনিয়মের তদন্ত অব্যাহত রাখতে হবে। মহা-পরিচালক ব্যক্তিগত ভাবে বিষয়টি তত্ত্বাবধান করবেন । **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
৮।	২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প (০১/০৩/১৬ - ২৮/০২/২০২১) ৫৯৮৮.৪৯৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১১৭৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১১৭৪.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত মোট ২৯৩.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৭৩.১০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৬.২৩%। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৬৪০.২১লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২৭.৩৯%। প্রকল্প পরিচালক জানান যে, ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র চালু করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া আউটসোর্সিং ফার্মের ১ মাসের পাওনা পরিশোধের বিষয়ে প্রকল্প পরিচালকের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া আউটসোর্সিং ফার্মের ১ মাসের পাওনা পরিশোধের বিষয়ে প্রকল্প পরিচালকের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।
৯।	গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০) ১৯১৫.০২৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১.০০ লক্ষ টাকা, (সম্পুর্ণ জিওবি) ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৬৫৯.৮৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬৮.৬৮%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে থোক হতে ২১২.৭৪ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ চেয়ে পরিকল্পনা কমিশনে পত্র দেয়া হয়েছে। সে অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। অতিরিক্ত বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।
১০।	মিরপুর ও খিলগাঁও কর্মজীবি মহিলা হোষ্টেল উর্ধবমূখী সম্প্রসারণ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০) ৩৯৩৭.৫৫ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩৫৩.০০লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৩৫৩.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৩৮৮.৭৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬০.৬৭%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা ১২/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ১২/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প	
১১।	জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪ জেলা) (০১/০৭/২০১৩ - ৩০/০৬/২০১৯) ৬০৩৮.৬৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৯৫.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের আগষ্ট, ২০১৯ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের শুরু হতে আগষ্ট, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫৮৩২.৮৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৫৯%। প্রকল্প পরিচালক জানান যে, মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের অনুকূলে থোক হতে অতিরিক্ত বরাদ্দ চেয়ে পরিকল্পনা কমিশনে পত্র দেয়া হয়েছে। সে অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। অতিরিক্ত বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ বছরে সঠিকভাবে কার্যাদি সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১।নির্বাহী পরিচালক, জামস। ২। প্রকল্প পরিচালক।

৪। বিবিধঃ

ক) সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সংস্থা/দপ্তরসমুহ এক জন আইনজীবির সংস্থান রেখে সংশ্লিষ্ট খাত সৃষ্টির বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।

খ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কাজে জড়িত এনজিও সমূহ তাদের ব্যানারে এ মন্ত্রণালয়ের নাম লেখার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।

গ) প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রকল্পের হালনাগাদ তথ্য ও ক্যাপশনসমূহ ওয়েব সাইটে প্রদর্শনের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্তঃ

ক) সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনে সংস্থা/দপ্তরসমুহে এক জন আইনজীবির সংস্থানসহ সংশ্লিষ্ট খাত সৃষ্টিসহ বরাদ্দ রাখতে হবে।

খ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কাজে জড়িত এনজিও সমুহের ব্যানারে এ মন্ত্রণালয়ের নাম লিখতে হবে।

গ) প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রকল্পের হালনাগাদ তথ্য ও ক্যাপশনসহ সংশ্লিষ্ট ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১০/২০১৯

(কামরুন নাহার)
সচিব